

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

পঞ্চম শ্রেণি

বাংলা

পূর্ণমান : ১৫

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×৩=৩
- ১.১ 'বুনো হাঁস' গল্পের ঘটনাস্থল
- (ক) চিন (খ) ভারতের লাডাক  
(গ) সাইবেরিয়া (ঘ) আলাস্কা
- ১.২ বাড়ির জন্য মন কেমন করত—
- (ক) বুনো হাঁসদের (খ) জোয়ানদের  
(গ) ডাক কর্মীদের (ঘ) সাংবাদিকদের
- ১.৩ বুনো হাঁসদের খাদ্য তালিকায় যেটি ছিল না—
- (ক) টিনের মাছ (খ) মাংস  
(গ) তরকারি (ঘ) ফলের কুচি
২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও : ১×৩=৩
- ২.১ 'এখন যদি আকাশের দিকে চেয়ে দ্যাখো'— কী দেখা যাবে ?  
২.২ বরফ পড়তে শুরু করতেই জোয়ানরা কী করল ?  
২.৩ একদিন সকালের কাজ সেরে এসে জোয়ানরা কী দেখল ?
৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬
- ৩.১ 'একদিন একটা বুনো হাঁস দল ছেড়ে নীচে নেমে পড়ল।'—তারপর কী ঘটল ?  
৩.২ '... জোয়ানদের একটা আনন্দেরই কাজ হয়ে দাঁড়াল।'—তাদের আনন্দের কাজটি কী ?  
৩.৩ একটি আহত হাঁসের প্রতি তার দলের আরেকটি হাঁসের অনুভূতি 'বুনো হাঁস' গল্পে কীভাবে প্রকাশ পেয়েছে ?
৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো : ৩
- 'এমনি করে সারা শীত দেখতে দেখতে কেটে গেল।'— শীত কেটে যাওয়ায় প্রকৃতিতে কী কী পরিবর্তন দেখা গেল ?

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।